"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

সেপ্টেম্বর/২০১৭ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪৭তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ২১/০৯/২০১৭ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/সার্কুলার ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে ২৯ আগস্ট, ২০১৭ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন খানা সভায় পাঠ করে শুনান। প্রজ্ঞাপন দৃষ্টে দেখা যায় উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মাসিক সম্মানী ভাতার হার পুন:নির্ধারণ করা হয়েছে। এতে চেয়ারম্যান এর মাসিক সম্মানি ভাতার পরিমাণ ৪০,০০০/-(চল্লিশ হাজার) এবং ভাইস চেয়ারম্যান এঁর মাসিক সম্মানী ভাতার পরিমাণ ২৭,০০০/-(সাতাশ হাজার) টাকা করা হয়েছে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উহার নির্ধারিত কর্মসম্পাদন ও দায়-দেনা মেটানোর পর পরিষদের রাজস্ব তহবিলে জমাকৃত অর্থ হইতে উক্ত ব্যয় নির্বাহ করিতে হইবে এবং ইহা ১লা জুলাই ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে মর্মে উল্লেখ করা হয়েছে। বিষয়টি সকলের অবগতির জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>সিদ্ধান্ত ঃ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে ২৯ আগস্ট, ২০১৭ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই / উপজেলা প্রকৌশলী, দিরাই |
| (৩) উপজেলা পরিষদের কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) উপজেলা পরিষদের কৃষি ও সেচ কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া সভায় সেপ্টেম্বর/১৭ তারিখের সভায় গৃহীত প্রস্তাব /সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। প্রস্তাব/ সুপারিশটি হলো : আসন্ন বোরো মৌসুমে ক্ষতিগ্রস্থ সকল শ্রেণীর কৃষকদের বিনামূল্যে বীজ ও সার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুনামগঞ্জকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ উপস্থাতি প্রস্তাব/সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| | (খ) উপজেলা পরিষদের পরিবেশ ও বন কমিটির সভাপতি জনাব মোঃ গোলাপ মিয়া সভায় সেপ্টেম্বর/১৭ তারিখের সভায় গৃহীত প্রস্তাব/সুপারিশ উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করেন। প্রস্তাব/ সুপারিশটি হলো : উপজেলার যে কোন একটি উঁচু রাস্তার পার্শ্বে, তালগাছ রোপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়। উক্ত প্রস্তাব/সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। প্রস্তাব/ সুপারিশের বিষয়ে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ উপস্থাপিত প্রস্তাব/সুপারিশ যাচাই বাছাই করার জন্য উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি'তে প্রেরনের সর্বসিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাছাই কমিটি, দিরাই |
| (৪) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ৩৭,৫০০/- | ১ | চেয়ারম্যানত্রয়ের জুলাই/১৭ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৫৪,৫০০/- |
| ২ | ভূমি উন্নয়ন করের ২% বাবদ প্রাপ্য | ১,২৩,২৯৮/- | ২ | অফিস সহায়ক ও সুইপারের জুলাই/১৭ মাসের বেতন | ১৯,২২০/- |
| ৩ | সাব-রেজিষ্টার হতে ১% | ১,৮৯,০২৪/২০ | ৩ | পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের জুলাই/১৭ | ১৪৪০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ কর্তন | |
| | | | | ৪ | আগস্ট/১৭ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল প্রদান | ২৩,৮০০/- |
| | | | | ৫ | ১৫আগস্ট জাতীয় শোক দিবসের আনুষাঙ্গীক ব্যয় | ১৫,০০০/- |
| | | | | ৬ | ইউডিজিপি এর অফিস রুমের সিলিং ফ্যান ও বৈদুতিক মেরামত বাবদ | ৬,৫০০/- |
| | | | | ৭ | উপজেলা রক্ত করবী ভবনের টিউবওয়েল মেরামত কাজের বিল | ১০,১৫০/- |
| | | | | ৮ | উপজেলা পরিষদের ক্যাম্পাদ পরিস্কার পরিচ্চন্ন কাজের বিল | ২৪,৮০০/- |
| | | | | ৯ | প্রাথমিক শিক্ষা সপ্তাহ/১৭ এর অনুদান | ৫,০০০/- |
| | | | | ১০ | চেয়ারম্যানত্রয়ের আগস্ট/১৭ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৫৪,৫০০/- |
| | | | | ১১ | অফিস সহায়ক ও সুইপারের আগস্ট/১৭ মাসের বেতন | ১৯,২২০/- |
| | | | | ১২ | পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের আগস্ট/১৭ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ কর্তন | ১৪৪০/- |
| | মোট আয় | | ৩,৪৯,৮২২/- | মোট ব্যয় | | ২,৩৫,৫৭০/- |
| | সর্ব মোট আয় = | | ৩,৪৯,৮২২/- | সর্ব মোট ব্যয় = | | ২,৩৫,৫৭০/- |
| | সমাপনী স্থিতি= ৩,৪৭,৮৫০/৩৭ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত আগস্ট/১৭ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৬) বিবিধ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান পরিষদের কর্মরত দৈনিক চুক্তি ভিত্তিক মালি/সুইপার মোছাঃ নূরেছা বেগম এর আচার-আচরণ দিন-দিন খুবই খারাপ হচ্ছে। সে এলাকার প্রায় সকল লোকের সাথে ঝগড়া বিবাদে জড়িত। কিছু দিন পূর্বে হাসপাতাল রোডের প্রায় সকল লোক তার বিরুদ্ধে মৌখিক ভাবে অভিযোগ নিয়ে আমার কার্যালয় আসে। সে আমার এবং উপজেলা নির্বাহী অফিসারের কথা বলে দিরাই থানায় ঐ লোকদের আসামি করে মামলা দায়ের করেছিল অথচ আমি এবং উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে কিছুই জানিনা। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই এই বিষয়ে একমত পোষন করেন। পরে এলাকার ঐ সকল লোকেরা আমার কাছে আছে আসে মিথ্যা মামলাটি নিষ্পত্তি করার জন্য তখন বিষয়টি জানতে পারি। পরে আপোষে মামলাটি শেষ করে দেই এবং একটি অঙ্গীকারনামা রাখি এই মর্মে যে সে আর কোন দিন এমন কাজ করবে না। এ পর্যন্ত এলাকাবাসি তার বিরুদ্ধে প্রায় ১৫/২০টি অভিযোগ করেছে যার বিচার আমি নিজে করেছি। মোছাঃ নূরেছা বেগম এবং তার স্বামী এলাকায় অবাধে সুদের ব্যবসা দীর্ঘ্য দিন যাবৎ পরিচালনা করে আসছে যা কর্মচারী চাকুরী বিধিমালা পরিপন্থী। তার এই সুদের টাকা উত্তোলনে তার স্বামী এবং অন্যান্যদের সাথে নিয়ে সাধারণ মানুষের সাথে খারাপ ব্যবহার করে। গত বছর মোছাঃ নূরেছা বেগম তার স্বামী এবং ছেলেদের নিয়ে আমার দপ্তরে | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| | | |
|---|---|---|
| | কর্মরত অফিস সহায়ক প্রীতিলাল দাসের কাছে সুদের টাকা পাওয়ার জন্য তার বাড়ি চান্দপুর থেকে ধরে এনে তার বাসায় বেধে রাখে। বিষয়টি আমি সহ ভাইস চেয়ারম্যানগণও জানেন এবং বিষয়টি আমাদের মাধ্যমে শেষ হয়। কিছুদিন পূর্বে মোছাঃ নূরেছা বেগম আমার এবং ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ গোলাপ মিয়ার সাথেও অসদাচরণে লিপ্ত হয়। এমনকি সে কর্তৃপক্ষের বিনানুমতিতে স্বেচ্ছাধীনভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকে এবং কর্মস্থল ত্যাগ করে যা বিধি বহির্ভূত। কেউ কিছু বলতে গেলে অশ্লীলভাবে গালা-গালি করে। এহেন বেয়াদব, বে-পরোয়া কর্মচারী/শ্রমিকের মাধ্যমে উপজেলা পরিষদের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ার আসংকা বিদ্যমান। কাজেই এমন কর্মচারী/শ্রমিক নিয়ে পরিষদের দৈনন্দিন কাজ-কর্ম চালানো সম্ভব নয়। তাই বিধি মোতাবেক তাকে বরখাস্ত করার জন্য সভায় অনুরোধ জানান।<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই জানান উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা,২০১০ এর সাধারণ আচরণ ও শৃংখলা ৩২(১) এর (খ) মোতাবেক তাহার অব্যবহিত উর্ধ্বতন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না; (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায়ের পরিচালনা করিবেন না মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু মোছাঃ নূরেছা বেগমের এহেন কার্যকলাপ উক্ত আইন লঙ্ঘণের শামিল বলে মন্তব্য করেন।<br>উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা,২০১০ এর সাধারণ আচরণ ও শৃংখলা ৩৩(ক) মোতাবেক তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন অথবা (ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন তাহা হইলে পরিষদ বা ক্ষেত্র বিশেষে চেয়ারম্যান, উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দন্ড আরোপ করিতে পারিবেন মর্মে উল্লেখ আছে। এই ক্ষেত্রে মোছাঃ নূরেছা বেগমের উপরোক্ত আচরণ সমূহ এর আওতাভুক্ত মর্মে প্রমাণিত হয়।<br>উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা,২০১০ এর সাধারণ আচরণ ও শৃংখলা ৩৪ দন্ডসমূহ : (১)(আ) এর (ঘ) মোতাবেক চাকুরী হইতে বরখাস্ত এবং ৩৪(২) মোতাবেক কোন কর্মচারী চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে ভবিষ্যতে পরিষদের চাকুররীতে নিযুক্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবেন মর্মে উল্লেখ রয়েছে।<br>কাজেই উপরোক্ত ধারা মোতাবেক মোছাঃ নূরেছা বেগম'কে উপজেলা পরিষদের মালি/সুইপারের পদ থেকে বরখাস্ত করার যাবে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>জনাব মোঃ গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান মোছাঃ নূরেছা বেগমের উপর আনিত সকল অভিযোগ সত্য। কিন্তু মানবিক বিবেচনায় তাকে প্রথম এবং শেষ বারেরমত তার আচার-আচরণ সংশোধনের জন্য ০১(এক)মাসের সময় দেয়ার জন্য সভাকে অনুরোধ জানান। এই ০১(এক) মাসের মধ্যে যদি সে নিজেকে সংশোধন করতে না পারে তবে তাকে চাকুরী হইতে বরখাস্ত করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ (১)** মোছাঃ নূরেছা বেগমের উপর আনিত সকল অভিযোগ সত্য বলে প্রমাণিত হওয়া সত্ত্বেও মানবিক বিবেচনায় তাকে প্রথম এবং শেষ বারেরমত তার আচার-আচরণ সংশোধনের জন্য ০১(এক) মাসের সময় দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ০১(এক) মাসের মধ্যে যদি সে নিজেকে সংশোধন করতে না পারে তবে তাকে উপজেলা পরিষদের মালি/সুইপারের পদ (চাকুরী) হইতে বরখাস্ত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত মোছাঃ নূরেছা বেগম এর সকল প্রকার মজুরী/বেতন প্রদান বন্ধ রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীহ হয়। | |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপিয়ার মেশিনটি মেরামত করা প্রয়োজন। ফটোকটিয়ার মেশিনটি বর্তমানে প্রায় কাজ করার অনুপযোগী হয়ে পরেছে। ফটোকপিয়ার মেশিন মেরামতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে জানা যায় ফটোকপিয়ার মেশিনটি মেরামত এবং সংশ্লিষ্ট যন্ত্রাংশ প্রতিস্থাপন করা বাবদ প্রায়- ১৫,৪৯০/- (পনের হাজার চারশত নব্বই) টাকা ব্যয় হবে। ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান। উল্লেখ্য যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ নং (ঞ) মোতাবেক কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন ইত্যাদি রক্ষণাবেক্ষণ/মেরামতের | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| | | |
|---|---|---|
| | অনুমোদন দেয়া আছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপিয়ার মেশিনটি মেরামত এবং যন্ত্রাংশ প্রতিস্থাপন করা বাবদ ব্যয়িত- ১৫,৪৯০/- (পনের হাজার চারশত নব্বই) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ নং (ঞ) মোতাবেক কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন ইত্যাদি রক্ষণাবেক্ষণ/মেরামতের খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় জানান গ্রীষ্মকালীন খেলা-ধুলা প্রতি বছরের ন্যায় এ বৎসরও যথাযোগ্য মর্যাদায় এবং আনন্দঘণ পরিবেশে অত্র উপজেলা সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহণে সম্পন্ন হয়েছে। এই গ্রীষ্মকালীন খেলা-ধুলা বাবদ সরকারী যে বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উক্ত খেলা-ধুলা যথাযোগ্য মর্যাদায় পরিচালনা ও পুরস্কারক্রয়ের জন্য আর্থিক অনুদান হিসেবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**সিদ্ধান্ত ঃ** গ্রীষ্মকালীন খেলা-ধুলা ২০১৭ যথাযোগ্য মর্যাদায় পরিচালনা ও পুরস্কার ক্রয়ের জন্য আর্থিক অনুদান হিসেবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই সভায় জানান বাংলাদেশে বর্তমানে প্রাকৃতিক দুর্যোগ হিসেবে বজ্রপাতকে চিহ্নিত করা হয়েছে। এই বজ্রপাতে প্রতিবছর অনেক লোক মারা যায়। বাংলাদেশের অন্যান্য অঞ্চলের ছেয়ে সুনামগঞ্জ জেলায় এর প্রভাব খুব বেশি। তাই সারা বাংলাদেশে এর প্রতিরোধ হিসেবে তাল গাছ রোপনের উদ্দোগ নিয়েছে বাংলাদেশ সরকার। এরই ধারাবাহিকতায় আমাদের দিরাই উপজেলায় ৩০০০(তিন হাজার) তাল গাছের ছারা বরাদ্দ প্রদান করা হয়েছে। যা অত্র উপজেলার ০৯টি ইউনিয়ন পরিষদ এবং ১টি পৌরসভায় বন্টন করার জন্য অনুরোধ জানান। কিন্তু এই বরাদ্দ আয়তন ও জন সংখ্যার হিসেবে অপ্রতুল। কাজেই এর সাথে উপজেলা পরিষদ তহবিল হতে আরও ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বরাদ্দ দিয়ে তাল গাছ রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানা। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** প্রাপ্ত ৩০০০(তিন হাজার) তালের চারা প্রতিটি ইউনিয়নে এবং পৌরসভায় জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে বন্টনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়।<br>(২) উপজেলা পরিষদ তহবিল হতে আরও ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে তাল গাছ রোপনের জন্য বিষয়টি উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (ঙ) চেয়ারম্যান, রফিনগর ইউনিয়ন পরিষদ, দিরাই জন্য সভায় জানান তার ইউনিয়নের সকল প্রকার ভাতা যেন তার ইউনিয়নে অবস্থিত কৃষি ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। এতে এলাকার সাধারণ জনগণের কষ্ট ও দুর্ভোগ লাঘব হবে। এ বিষয়ে তিনি উপজেলা সমাজ সেবা অফিসার, দিরাইসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**সিদ্ধান্ত ঃ** রফিনগর ইউনিয়ন পরিষদের আওতায় যত প্রকার ভাতা ভোগী রয়েছেন তাদের ভাতাসমূহ জন স্বার্থে রফিনগর ইউনিয়নে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, দিরাই |
| | (চ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভার দৃষ্টি আকর্ষণ করে জানান লক্ষ্য করা যাচ্ছে উপজেলা পরিষদের কিছু কিছু সদস্য এবং কর্মকর্তাবৃন্দ দীর্ঘ দিন যাবৎ সভায় অনুপস্থিত রয়েছেন। যার দরুন উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে; যা উপজেলা পরিষদের বিধিমালার পরিপন্থী। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের সাধারণ সভায় যে সকল সদস্য ও ন্যস্তকৃত কর্মকর্তাগণ অনুপস্থিত রয়েছেন তাদেরকে বিধিমালা মোতাবেক পত্র দেয়ার জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাইকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, |
| | (ছ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান শাহ আব্দুল করিম এর নামে সাংস্কৃতিক কেন্দ্র কাম-লাইব্রেরি নির্মাণের জন্য ০.৬০ (ষাট) শতক জমি অধিগ্রহণ করার জন্য মন্ত্রণালয় থেকে নির্দেশনা পাওয়া গেছে। তৎপ্রেক্ষতে গত ১০/০৯/২০১৭ তারিখে, ১৪০০ নং স্মারকমূলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ার উপজেলা ভূমি অফিস দিরাইকে উক্ত নির্দেশনার আলোকে প্রাথমিক ভাবে স্থান নির্বাচনের জন্য পত্রদেয়া হয়। পত্রের আলোকে তারা সরেজমিন পরিদর্শনক্রমে প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত প্রতিবেদন দৃষ্টে দেখাযায় যে- শাহ আব্দুল করিম এর নিজস্ব বসতভিটা ধল গ্রামে অবস্থিত। উক্ত গ্রামে সাংস্কৃতিক কেন্দ্র কাম-লাইব্রেরি নির্মাণ করা হলে দিরাই পৌরএলাকায় বিদ্যমান ০২টি কলেজ, ০১টি পলিটেকনিক্যাল ইন্সটিটিউট, ০২টি উচ্চ বিদ্যালয়, একাধিক প্রাথমিক বিদ্যালয়ের অসংখ্য | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| | |
|---|---|
| ছাত্র-ছাত্রীগন সহ পৌরএলাকায় বসবাসরত অধিকাংশ লোকজনের ধল গ্রামে আসা-যাওয়া কষ্টদায়ক ও ব্যয় বহুল হবে। কাজেই শাহ আব্দুল করিমের বাড়ি সংলগ্ন ভূমির পরিবর্তে দিরাই উপজেলা সদরের নিকটবর্তী দিরাই পৌরএলাকাভুক্ত "চান্দপুর মৌজার, জেএল নং-৯৯, খতিয়ান নং- ২৩৬৭, দাগনং- ১৬২০, শ্রেণী- বোরো, পরিমাণ- ০.৩০(ত্রিশ) শতক এবং একই খতিয়ানের দাগনং- ১৬৩২, শ্রেনী- আমন, পরিমাণ- ০.৩০(ত্রিশ) শতক সহ সর্বমোট ০.৬০ (ষাট) শতাংশ" ভূমি জনস্বার্থে উপযোগী মর্মে প্রতিয়মান হওয়ায় উপরোক্ত ভূমিতে শাহ আব্দুল করিম এর নামে সাংস্কৃতিক কেন্দ্র কাম-লাইব্রেরি নির্মাণের জন্য স্থান নির্বাচন করা যেতে পারে মর্মে প্রতিবেদন দাখিল করেছেন। উল্লেখ্য যে- উপজেলা সদরের এই স্থানটি অধিকতর উপযোগী মর্মে স্টেক হোল্ডারগণের সম্মতি রয়েছে বিষয়টিও তদন্তে জানা যায় মর্মে সভাকে জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারতি আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ শাহ আব্দুল করিমের বাড়ি সংলগ্ন ভূমির পরিবর্তে দিরাই উপজেলা সদরের নিকটবর্তী দিরাই পৌরএলাকাভুক্ত "চান্দপুর মৌজার, জেএল নং-৯৯, খতিয়ান নং- ২৩৬৭, দাগনং- ১৬২০, শ্রেণী- বোরো, পরিমাণ- ০.৩০(ত্রিশ) শতক এবং একই খতিয়ানের দাগনং- ১৬৩২, শ্রেনী- আমন, পরিমাণ- ০.৩০(ত্রিশ) শতক সহ সর্বমোট ০.৬০ (ষাট) শতাংশ" ভূমি জনস্বার্থে উপযোগী মর্মে প্রতিয়মান হওয়ায় উপরোক্ত ভূমিতে শাহ আব্দুল করিম এর নামে সাংস্কৃতিক কেন্দ্র কাম-লাইব্রেরি নির্মাণের জন্য স্থানটি সর্বসম্মতিক্রমে নির্বাচন করা হলো। | |
| (জ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত বাবদ- ২,০০০/- (দুই হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রজনীগন্ধা ভবনের পানির লাইন মেরামত বাবদ ব্যয়িত- ২,০০০/- (দুই হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, |
| (ঝ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান প্রাকৃতিক দূর্যোগ ও অতিবৃষ্টি জনিত কারণে সৃষ্ট আগাম বন্যায় শ্যামারচর নিবাসী জনাব অরুন দাসের বসত ঘরটি ভেঙ্গে পড়েছে। বর্তমানে পরিবার পরিজন নিয়ে থাকামত কোন ঘর নাই। তাই পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন বর্তমানে তিনি সম্পুন্ন কর্মহীন হয়ে পড়েছেন। তাকে উপজেলা পরিষদের তহবিল থেকে থাকার জন্য একটি ঘর নির্মাণ/মেরামতকরার জন্য আর্থিক সহযোগিতা করার একটি মানবিক আবেদন করেছেন। বিষয়টি মানবিক বিবেচনার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ প্রাকৃতিক দূর্যোগ ও অতিবৃষ্টি জনিত কারণে সৃষ্ট আগাম বন্যায় জনাব অরুন দাসের ভাঙ্গা ঘর মেরামতের ও পুনর্বাসনের জন্য তাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, |
| (ঞ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভার দৃষ্টি আকর্ষণ করে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা- ১শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৭৭৩, তারিখ- ১৪ জুন, ২০১৭ প্রাপ্তপত্রটি পাঠকরে শুনান। এতে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমতি দেওয়া হয়েছে। এর প্রেক্ষিতে আগামী- ২৮/০৯/২০১৭খ্রিঃ তারিখে উক্ত অনুষ্ঠানটি করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা- ১শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৭৭৩, তারিখ- ১৪ জুন, ২০১৭ মতে প্রাপ্তপত্র মূলে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আগামী- ২৮/০৯/২০১৭খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ব্যয়ে আয়োজনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

স্মারক নং-০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২- ৫০

তারিখ ঃ ২১/০৯/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জনাব ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৮। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
০৯। অফিস নথি/মাস্টার ফাইল।

(তৌহিদুজ্জামান পাভেল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|
| ০১।জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ০২। জনাব গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই,সুনামগঞ্জ। |
| ০৩। বেগম ছবি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই। | ০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই। | ০৪। উপজেলা মৎস্য অফিসার, দিরাই,সুনামগঞ্জ । |
| ০৫। চেয়ারম্যান,ভাটিপাড়া ইউপি, দিরাই। | ০৫। উপজেলা পঃপঃ কর্মকর্তা, দিরাই,সুনামগঞ্জ |
| ০৬। চেয়ারম্যান,রাজানগর ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই,সুনামগঞ্জ। |
| ০৭। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০৭। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ০৮। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০৮। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ০৯। চেয়ারম্যান,জগদল ইউ/পি, দিরাই। | ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই,সুনামগঞ্জ । |
| ১০। চেয়ারম্যান,তাড়ল ইউ/পি, দিরাই | ১০। উপজেলা যুবউন্নয়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ১১। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ |
| | ১২। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই,সুনামগঞ্জ। |
| | ১৩। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|
| ০১। জনাব মেয়র, দিরাই পৌরসভা। | ০১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| ০২। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই। | ০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| | ০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই। |
| | ০৪। উপজেলা সমবায় অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |
| | ০৫। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই,সুনামগঞ্জ। |